ষোল কোটি মানুষের জন্য প্রতিদিন
যায়যায়দিন
১৯৮৪ থেকে

# ক্ষুদ্র উদ্যোক্তাদের সহযোগিতায় ডিসিসিআইর স্বতন্ত্র বিভাগ চালু

যাযাদি রিপোর্ট

দেশের কুটির, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) খাতের সদস্যদের সহযোগিতা করতে 'এসএমই উন্নয়ন বিভাগ' নামে একটি স্বতন্ত্র বিভাগ চালু করেছে তাদের প্রতিনিধিত্বকারী বাণিজ্যিক সংগঠন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গত ১ জুন থেকে চেম্বার সচিবালয়ে এ সেবা চালু করেছে সংগঠনটি।

বৃহস্পতিবার (৪ জুন) এক বিজ্ঞপ্তিতে ডিসিসিআই জানায়ম বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কুটির, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) উদ্যোগের অবদান অনস্বীকার্য। করোনাভাইরাসের কারণে সৃষ্ট পরিস্থিতিতিতে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতগুলোর উন্নয়নের জন্য সরকারের পক্ষ থেকে ইতোমধ্যে আর্থিক প্রণোদনা ঘোষণা করা হয়েছে। তবে অনেক ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোক্তা যথাযথ নথিপত্র বা প্রক্রিয়া অনুসরণের অভাবে প্রণোদনার অর্থ থেকে বঞ্চিত হতে পারে।

এ লক্ষ্যে ঢাকা চেম্বারের যেসব সদস্য কুটির, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের সঙ্গে সংশ্লিষ্টদের প্রণোদনা লাভের উদ্দেশ্যে ঢাকা চেম্বারের 'এসএমই উন্নয়ন বিভাগ'-এর হেল্প ডেস্ক থেকে প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত করার বিষয়ে তথ্য ও পরামর্শমূলক সেবা প্রদান করা হবে।

অর্থনীতি শক্তিশালীকরণ ও করোনাভাইরাসের কারণে স্থবির অর্থনীতিকে পুনরুদ্ধারে সিএমএসএমই খাতের প্রতি বিশেষ নজর দেওয়া প্রয়োজন। সরকার ঘোষিত প্রণোদনার অর্থ প্রাপ্তির মাধ্যমে যাতে ডিসিসিআইর কুটির, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি সদস্যরা দেশের টেকসই অর্থনৈতিক স্থিতিশীলতা আনয়নে অবদান রাখতে পারে বিধায় সহযোগিতা করতে ঢাকা চেম্বার এমন উদ্যোগ গ্রহণ করেছে বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

# ‘এসএমই উন্নয়ন বিভাগ’ চালু করেছে ঢাকা চেম্বার

■ ইত্তেফাক রিপোর্ট

কুটির, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি খাতের সদস্যগণকে সহযোগিতা করতে চেম্বার সচিবালয়ে ১ জুন থেকে ‘এসএমই উন্নয়ন বিভাগ’ নামে একটি স্বতন্ত্র বিভাগ চালু করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। করোনা ভাইরাসজনিত রোগের প্রাদুর্ভাবের ফলে সৃষ্ট মহামারির সময় ক্ষতিগ্রস্ত কুটির, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) খাতসমূহের উন্নয়নের জন্য বাংলাদেশ সরকারের পক্ষ থেকে এরই মধ্যে আর্থিক প্রণোদনা ঘোষণা করা হয়েছে। তবে অনেক ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোক্তা যথাযথ নথিপত্র বা প্রক্রিয়া অনুসরণের অভাবে প্রণোদনার অর্থ থেকে বঞ্চিত হতে পারে। এ লক্ষ্যে, ঢাকা চেম্বারের যে সব সদস্যবৃন্দ ‘এসএমই উন্নয়ন বিভাগ’ এর হেল্প ডেস্ক থেকে প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত করার বিষয়ে তথ্য ও পরামর্শমূলক সেবা প্রদান করা হবে।

সমকাল

DCCI

# ঢাকা চেম্বারে এসএমই উন্নয়ন বিভাগ চালু

■ সমকাল প্রতিবেদক

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) দেশের সর্ববৃহৎ ক্ষুদ্র ও মাঝারি (এসএমই) উদ্যোক্তাদের প্রতিনিধিত্বকারী বাণিজ্য সংগঠন, যা সুদীর্ঘ ছয় দশকেরও বেশি সময় ধরে এসএমইর উন্নয়নে নিরলস কাজ করে যাচ্ছে। এর ধারাবাহিকতায় ডিসিসিআইর কুটির, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি খাতের সদস্যদের সহযোগিতা করতে চেম্বার সচিবালয়ে গত ১ জুন থেকে 'এসএমই উন্নয়ন বিভাগ' নামে একটি স্বতন্ত্র বিভাগ চালু করা হয়েছে। বৃহস্পতিবার ডিসিসিআইর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, করোনাভাইরাসজনিত রোগের প্রাদুর্ভাবের ফলে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতের জন্য বাংলাদেশ সরকারের পক্ষ থেকে ইতোমধ্যে আর্থিক প্রণোদনা ঘোষণা করা হয়েছে। তবে অনেক ক্ষুদ্র উদ্যোক্তা যথাযথ নথিপত্র বা প্রক্রিয়া অনুসরণের অভাবে প্রণোদনার অর্থ থেকে বঞ্চিত হতে পারেন। এ লক্ষ্যে ঢাকা চেম্বারের 'এসএমই উন্নয়ন বিভাগে'র হেল্প ডেস্ক থেকে প্রয়োজনীয় কাগজপত্র তৈরি করার বিষয়ে তথ্য ও পরামর্শমূলক সেবা দেওয়া হবে। প্রণোদনার অর্থ প্রাপ্তির মাধ্যমে যাতে ডিসিসিআইর কুটির, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি খাতের সদস্যরা দেশের টেকসই অর্থনৈতিক স্থিতিশীলতা আনয়নে অবদান রাখতে পারেন তার জন্য সহযোগিতা করতে ঢাকা চেম্বার এমন উদ্যোগ নিয়েছে।

বনিক বার্তা
সমৃদ্ধির সহযাত্রী

সিএমএসএমই খাতে ডিসিসিআইয়ের উদ্যোগ

# উদ্যোক্তাদের সহযোগিতায় 'এসএমই উন্নয়ন বিভাগ' চালু

নিজস্ব প্রতিবেদক ■

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) দেশের সর্ববৃহৎ ক্ষুদ্র ও মাঝারি (এসএমই) উদ্যোক্তাদের প্রতিনিধিত্বকারী বাণিজ্য সংগঠন, যা সুদীর্ঘ ছয় দশকেরও বেশি সময় ধরে এসএমইর উন্নয়নে নিরলস কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় ডিসিসিআইয়ের কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) খাতের সদস্যদের সহযোগিতা করতে চেম্বার সচিবালয়ে পহেলা জুন থেকে 'এসএমই উন্নয়ন বিভাগ' নামে একটি স্বতন্ত্র বিভাগ চালু করা হয়েছে। গতকাল ডিসিসিআই থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে সিএমএসএমই উদ্যোগগুলোর অবদান অনস্বীকার্য। করোনাভাইরাসজনিত রোগের প্রাদুর্ভাবের ফলে সৃষ্ট মহামারীর সময় ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতগুলোর উন্নয়নের জন্য বাংলাদেশ সরকারের পক্ষ থেকে এরই মধ্যে আর্থিক প্রণোদনা ঘোষণা করা হয়েছে। তবে অনেক ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোক্তা যথাযথ নথিপত্র বা প্রক্রিয়া অনুসরণের অভাবে প্রণোদনার অর্থ থেকে বঞ্চিত হতে পারে। এ লক্ষ্যে ঢাকা চেম্বারের যেসব সদস্য সিএমএসএমইর সঙ্গে সংশ্লিষ্ট, তাদের ওই প্রণোদনা লাভের উদ্দেশ্যে ঢাকা চেম্বারের 'এসএমই উন্নয়ন বিভাগ'-এর হেল্প ডেস্ক থেকে প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত করার বিষয়ে তথ্য ও পরামর্শমূলক সেবা প্রদান করা হবে।

অর্থনীতি শক্তিশালীকরণ ও করোনাভাইরাসজনিত মহামারীর কারণে স্থবির অর্থনীতিকে পুনরুদ্ধারে সিএমএসএমই খাতের প্রতি বিশেষ নজর দেয়া প্রয়োজন বলে মনে করে ডিসিসিআই। সরকার ঘোষিত প্রণোদনার অর্থ প্রাপ্তির মাধ্যমে যাতে ডিসিসিআইয়ের কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি সদস্যরা দেশের টেকসই অর্থনৈতিক স্থিতিশীলতা আনয়নে অবদান রাখতে পারে, তার জন্য সহযোগিতা করতে ঢাকা চেম্বার এমন উদ্যোগ গ্রহণ করেছে বলে জানিয়েছে সংগঠনটি।

কালের কণ্ঠ

# এসএমই উন্নয়ন বিভাগ চালু করল ডিসিসিআই

**নিজস্ব প্রতিবেদক ▷**

সরকার ঘোষিত প্রণোদনা পেতে ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য সহায়ক এসএমই উন্নয়ন বিভাগ চালু করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় ডিসিসিআই।

DCCI
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

এতে বলা হয়, ঢাকা চেম্বার দেশের বৃহৎ, ক্ষুদ্র ও মাঝারি (এসএমই) উদ্যোক্তাদের প্রতিনিধিত্বকারী বাণিজ্য সংগঠন। গত ছয় দশকেরও বেশি সময় ধরে এসএমইর উন্নয়নে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায়, ডিসিসিআইর কুটির, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি খাতের সদস্যদের সহযোগিতা করতে চেম্বার সচিবালয়ে গত ১ জুন থেকে 'এসএমই উন্নয়ন বিভাগ' নামে একটি স্বতন্ত্র বিভাগ চালু করা হয়েছে।

করোনাভাইরাস মহামারির সময় ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতগুলোর উন্নয়নের জন্য বাংলাদেশ সরকারের পক্ষ থেকে এরই মধ্যেই আর্থিক প্রণোদনা ঘোষণা করা হয়েছে। তবে অনেক ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোক্তা যথাযথ নথিপত্র বা প্রক্রিয়া অনুসরণের অভাবে প্রণোদনার অর্থ থেকে বঞ্চিত হতে পারে। এ লক্ষ্যে, ঢাকা চেম্বারের যে সব সদস্য কুটির, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের সঙ্গে সংশ্লিষ্ট তাঁদের ওই প্রণোদনা লাভের উদ্দেশ্যে ঢাকা চেম্বারের 'এসএমই উন্নয়ন বিভাগ' এর হেল্প ডেস্ক থেকে প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত করার বিষয়ে তথ্য ও পরামর্শমূলক সেবা দেওয়া হবে। সেবা পেতে ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা, www.dhakachamber.com এ ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে।

দেশ রূপান্তর

# ক্ষুদ্র উদ্যোক্তাদের সহযোগিতায় ডিসিসিআইর স্বতন্ত্র বিভাগ চালু

নিজস্ব প্রতিবেদক

দেশের কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) খাতের সদস্যদের সহযোগিতা করতে 'এসএমই উন্নয়ন বিভাগ' নামে একটি স্বতন্ত্র বিভাগ চালু করেছে তাদের প্রতিনিধিত্বকারী বাণিজ্যিক সংগঠন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গত সোমবার থেকে চেম্বার সচিবালয়ে এ সেবা চালু করেছে সংগঠনটি।

গতকাল বৃহস্পতিবার বিজ্ঞপ্তিতে ডিসিসিআই জানায়, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) উদ্যোগের অবদান অনস্বীকার্য। করোনাভাইরাসের কারণে সৃষ্ট পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতগুলোর উন্নয়নের জন্য সরকারের পক্ষ থেকে ইতিমধ্যে আর্থিক প্রণোদনা ঘোষণা করা হয়েছে। তবে অনেক ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোক্তা যথাযথ নথি পত্র বা প্রক্রিয়া অনুসরণের অভাবে প্রণোদনার অর্থ থেকে বঞ্চিত হতে পারেন।

এ লক্ষ্যে ঢাকা চেম্বারের যেসব সদস্য কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের সঙ্গে সংশ্লিষ্টদের প্রণোদনা লাভের উদ্দেশ্যে ঢাকা চেম্বারের 'এসএমই উন্নয়ন বিভাগ'-এর হেল্প ডেস্ক থেকে প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত করার বিষয়ে তথ্য ও পরামর্শমূলক সেবা প্রদান করা হবে।

অর্থনীতি শক্তিশালীকরণ ও করোনাভাইরাসের কারণে স্থবির অর্থনীতিকে পুনরুদ্ধারে সিএমএসএমই খাতের প্রতি বিশেষ নজর দেওয়া প্রয়োজন। সরকার ঘোষিত প্রণোদনার অর্থ প্রাপ্তির মাধ্যমে যাতে ডিসিসিআইর কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি সদস্যরা দেশের টেকসই অর্থনৈতিক স্থিতিশীলতা আনয়নে অবদান রাখতে পারে বিধায় সহযোগিতা করতে ঢাকা চেম্বার এমন উদ্যোগ গ্রহণ করেছে বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

daily sun
TRUE & IMPARTIAL

# DCCI opens SME Dev Department to help entrepreneurs

STAFF CORRESPONDENT

**Dhaka Chamber** of Commerce and Industry (DCCI) has opened a separate 'SME Development Department' to facilitate its members of cottage, micro, small and medium enterprises sector.

Considering the issue, DCCI will guide its CMSME members through this department by providing necessary information to prepare proper documentation processes needed for getting stimulus from banks including other related advisory services.

"To make our economy strengthened and to recover it from the coronavirus pandemic crisis, we need to give especial consideration to the CMSME sector. DCCI thus takes the initiative to facilitate its CMSME based members so that they can avail the stimulus which government has allocated and accordingly can contribute to the sustainable economic resilience", said a DCCI press release.

The largest SME representative trade organisation in the country relentlessly works for the development of cottage, micro, small and medium enterprises for more than six decades.

Amid coronavirus pandemic, the government of Bangladesh has already announced stimulus packages for the development of affected CMSMEs.

But, DCCI thinks that there may be a few affected small entrepreneurs who might be deprived of getting this stimulus fund due to lack of completing proper documentation processes.